



জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের একটি প্রতিষ্ঠান)


পরিচালক মণ্ডলীর প্রতিবেদন প্রথম বার্ষিক সাধারণ সভা—১৯৮৬-৮৭



পরিচালক মণ্ডলীর প্রতিবেদন

প্রথম বার্ষিক সাধারণ সভা—১৯৮৬-৮৭

৩০শে মে, ১৯৮৮ ইং
১৬ ই জ্যৈষ্ঠ, ১৩৯৫ বাং



জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের একটি প্রতিষ্ঠান)

সূচীপত্র :

পরিচালকমণ্ডলীর প্রতিবেদন
বর্তমান পরিচালকমণ্ডলীর ও প্রাক্তন
পরিচালকবৃন্দের পরিচয়

অন্যান্য পরিসংখ্যান

ক) ব্যালান্স শীট

খ) লাভ-ক্ষতির খতিয়ান

গ) শ্রেণী ও অঞ্চলভিত্তিক গ্রাহক সংখ্যা

ঘ) শ্রেণীভিত্তিক গ্যাস বিক্রয় পরিসংখ্যান

ঙ) গ্যাস বিক্রয়, গ্রাহক সংযোগ ও রাজস্ব আয়
পরিসংখ্যান

চ) প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো

Salient features of on-going projects



হবিগঞ্জ শহরে প্রাকৃতিক গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক উদ্বোধনী মশাল প্রজ্জ্বলিত করেন মহামান্য রত্নপতি এইচ, এম, এরশাদ, এনভিসি, পিএসসি।

৩০শে মে, ১৯৮৮ ইং (১৬ই জ্যৈষ্ঠ, ১৩৯৫ বাং) তারিখে অনুষ্ঠিত জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেডের ১ম বার্ষিক সাধারণ সভায় অংশীদারগণের উদ্দেশ্যে পরিচালকমণ্ডলীর প্রতিবেদন ॥

“বিছমিল্লাহের রাহমানের রাহিম”

সুধীরন্দ,

আজকের এই মনোরম পরিবেশে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (বি,ও,জি,এম,সি) একটি প্রতিষ্ঠান জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেডের ১ম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাইতে পারিয়া আমরা খুব প্রীত ও আনন্দিত। জালালাবাদ গ্যাস সিস্টেম কোম্পানী হিসাবে আত্ম প্রকাশের পর এই প্রথম আপনাদের সবাইকে একসঙ্গে

মিলিত হইবার এবং এই প্রতিবেদন উপস্থাপন করিবার এক সুন্দর ও সুবর্ণ সুযোগ পাওয়া গিয়াছে।

১। সূচনা— সিনেটে প্রাকৃতিক গ্যাসের ইতিহাস :

বাংলাদেশে প্রাকৃতিক গ্যাস ব্যবহার শুরু হয় ষাটের দশকের প্রথম দিকে। সিনেটের হরিপুর গ্যাস ক্ষেত্র ১৯৫৫ সালে আবিষ্কৃত হইবার পর ১৯৬১ সালে ফেঞ্চুগঞ্জের সার



মহামান্য রাষ্ট্রপতি এইচ. এম. এরশাদ, এন.ডিসি, পিএসসি গত ২৯শে জুলাই, ১৯৮৫ তারিখে হবিগঞ্জ শহরে প্রাকৃতিক গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন।

কারখানায় গ্যাস সরবরাহ আরম্ভের মধ্য দিয়া এই গ্যাস ক্ষেত্রটি বাণিজ্যিক উৎপাদন শুরু করে। ২৮ মাইল দীর্ঘ ৮ ইঞ্চি ব্যাসের উচ্চ সম্পন্ন লাইনের মাধ্যমে জ্বালানী ও সার শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস পরিবহনের মাধ্যমে বাংলাদেশে একটি নতুন যুগের সূচনা হয়। ১৯৫৯ সালে আবিষ্কৃত হয় ছাতক গ্যাস ক্ষেত্র। ১২ মাইল দীর্ঘ ৪ ইঞ্চি ব্যাসের উচ্চ চাপ সম্পন্ন পাইপ লাইন দিয়া ছাতক সিমেন্ট কারখানায় গ্যাস সরবরাহ শুরু করার মধ্যে দিয়া গ্যাস ক্ষেত্রটি বাণিজ্যিক উৎপাদন আরম্ভ করে। বাংলাদেশে প্রথম আবিষ্কৃত গ্যাস ক্ষেত্র এবং গ্যাসের শিল্প ব্যবহারে সিলেটে প্রথম শুরু হইলেও, মাত্র স্বাধীনতার পরে সিলেট শহর সহ অন্যান্য অঞ্চল গ্যাস পাইপ লাইন নেট-ওয়ার্কের অধীনে আনা হয়।

২। জালালাবাদ গ্যাস সিস্টেমের ইতিহাস :

বাংলাদেশের স্বাধীনতার পর অর্থনৈতিক কারণেই বৃহত্তর সিলেট জেলার বিভিন্ন অঞ্চলে গ্যাস পাইপ লাইন নেট-ওয়ার্ক নির্মাণের প্রয়োজন দেখা দেয়। তৎকালীন পেট্রোবাংলা কর্তৃক ১৯৭৫ সালে 'হবিগঞ্জ টি ভ্যালী প্রকল্প' নামে একটি প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। ১৯৭৭ সালের আগষ্ট মাসে হবিগঞ্জ টি ভ্যালীর ১৩টি চা-বাগানে গ্যাস সরবরাহ শুরু করার মাধ্যমে প্রকল্পটি সমাপ্ত হওয়ার অব্যবহিত পরেই 'সিলেট শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস সরবরাহ প্রকল্প' নামে একটি প্রকল্পের কাজ শুরু হয়। এই প্রকল্পটি এবং হবিগঞ্জ টি ভ্যালী প্রকল্পের সমন্বয়ে জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমের যাত্রা শুরু। এই নবীন

প্রতিষ্ঠানের সুদূর প্রসারী লক্ষ্য ছিল যে একদিন বৃহত্তর সিলেট জেলার সকল অঞ্চলে গ্যাস সরবরাহ ও বিতরণের সার্বিক দায়িত্বে নিয়োজিত জালালাবাদ গ্যাস একটি পূর্ণাঙ্গ কোম্পানীতে রূপান্তরিত হইবে। এই লক্ষ্যই ১৯৭৭ সালে ইস্যুকৃত পেট্রোবাংলার সার্কুলারের মাধ্যমে সরকারী সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, বৃহত্তর সিলেট জেলার সকল গ্যাস বিতরণ প্রকল্প জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম বলিয়া পরিচিত হইবে। হযরত শাহজালানের পবিত্র মাজার শরীফে ১৯৭৮ সালে তৎকালীন রাষ্ট্রপতি কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্যাস সংযোগ প্রদানের মাধ্যমে জালালাবাদ গ্যাসের গ্রাহক সেবা কর্ম সূচী শুরু হয়।

৩। জালালাবাদ গ্যাসের অধীনে সমাপ্ত প্রকল্প সমূহ :

সিলেট শহরের গৃহস্থালী, বাণিজ্যিক, শিল্প ও চা-বাগান সমূহের চাহিদার কারণে এবং বৃহত্তর সিলেটের অন্যান্য অঞ্চলের চা-বাগানসহ ছোট ছোট শহরগুলির এবং সুনামগঞ্জ শহরের বিভিন্ন শ্রেণীর গ্রাহকদেরকে গ্যাস সরবরাহ করার লক্ষ্যে ১৯৮০ সালে (ক) সিলেট শহরে গ্যাস সরবরাহ (বর্ধিত) প্রকল্প, (খ) সিলেট চা-বাগান গ্যাস সরবরাহ প্রকল্প (১ম পর্যায়) ও (গ) সুনামগঞ্জ শহরে গ্যাস সরবরাহ প্রকল্প শীর্ষক তিনটি প্রকল্প অনুমোদিত হয়। ইতিমধ্যেই এই প্রকল্পগুলির সার্থক ও সফল সমাপনের মাধ্যমে আজ জালালাবাদ গ্যাস সিস্টেম সিলেট ও হবিগঞ্জ গ্যাস ক্ষেত্র হইতে উৎপাদিত গ্যাস সিলেট, মৌলভীবাজার,

হবিগঞ্জ ও সুনামগঞ্জের বিভিন্ন শ্রেণীর বিপুল সংখ্যক গ্রাহককে সরবরাহ করিতেছে। এই প্রকল্পগুলি ছাড়াও সিলেট সুনামগঞ্জ অঞ্চলে গ্যাস সরবরাহ ও বিতরণ ব্যবস্থার ভারসাম্য রক্ষার জন্য নির্মাণ করা হইয়াছে কৈলাশটিলা হইতে ছাতক পর্যন্ত ২৬ মাইল দীর্ঘ ৬ ইঞ্চি ব্যাসের পাইপ লাইন এবং সিলেট ও খনিজ শিল্প সমৃদ্ধ ছাতকে গ্যাস সরবরাহের জন্য বাস্তবায়িত হইয়াছে 'ছাতক শহরে গ্যাস সরবরাহ' প্রকল্প।

৪। পাবলিক লিমিটেড কোম্পানী হিসাবে জন্ম লাভ :

বৃহত্তর সিলেট জেলায় গ্যাস চাহিদা দ্রুত বাড়িয়া যাওয়ায় অত্যন্ত স্বল্প সময়ে বিস্তৃতি ঘটে জালালাবাদ গ্যাসের কার্য পরিধি। দায়িত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি পূর্ণাঙ্গ কোম্পানী গঠনের প্রয়োজনীয়তা দ্রুত অনুভূত হয়। ১৯৮৬ সালের ১লা ডিসেম্বর জালালাবাদ গ্যাস একটি পূর্ণাঙ্গ পাবলিক লিমিটেড কোম্পানীর রূপ লাভ করে। কোম্পানীর অনুমোদিত মূলধন ১৫০ কোটি টাকা যাহা একশত টাকা হারে মোট ১ কোটি ৫০ লক্ষ শেয়ারে

বিভক্ত। সিলেট শহরের আম্বরখানাস্থ কোম্পানীর প্রধান অফিস আপাততঃ কোম্পানীর সদর দপ্তর হিসাবে ব্যবহৃত হইতেছে।

৫। জালালাবাদ গ্যাস বোর্ডের বর্তমান পরিচালকমণ্ডলী :

বিদূৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন, তিতাস গ্যাস টি গ্র্যান্ড ডি কোম্পানী লিঃ, সিলেট গ্যাস ফিল্ডস এবং জালালাবাদ গ্যাস টি গ্র্যান্ড ডি সিস্টেমের উর্ধ্ব তন কর্মকর্তাদের সমন্বয়ে জালালাবাদ বোর্ডের ৮ (আট) সদস্য বিশিষ্ট বর্তমান পরিচালকমণ্ডলী বাংলাদেশ সরকার গঠন করিয়াছেন।

৬। জালালাবাদ গ্যাসের উপর অর্পিত দায়িত্ব :

বর্তমানে নিম্নলিখিত কার্যক্রম জালালাবাদ গ্যাসকে নির্বাহ করিতে হয় :-

(ক) সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভী বাজার



শ্রীমঙ্গল প্রাকৃতিক গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক উদ্বোধনী মশাল প্রজ্জলিত করেন বিদূৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তৎকালীন সচিব জনাব শফিকুল আলম গত ১৭ই মার্চ, ১৯৮৬ তারিখে।



গোলাপগঞ্জ গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক উদ্বোধনী মশাল প্রজ্জ্বলিত করেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তৎকালীন সচিব জনাব শফিউল আলম গত ২১শে জুন, ১৯৮৬ তারিখে।

জেলাগোলাতে পাইপ লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং গ্যাস পরিবহণ ও বিতরণ ব্যবস্থা গড়িয়া তোলা।

- (খ) সম্ভাবনাপূর্ণ এলাকাসমূহে পাইপ লাইন নেট-ওয়ার্কের সম্প্রসারণের মাধ্যমে বর্ধিত হারে গ্যাস ব্যবহারের সুযোগ সৃষ্টি করা।
- (গ) জালালাবাদ অধিকারভুক্ত এলাকায় আরও বেশী পরিবহণ ও বিতরণ নেট-ওয়ার্ক তৈরী করিয়া গ্যাস বিতরণ বৃদ্ধি করা।
- (ঘ) বৈদেশিক মুদ্রা ব্যয় ছাসের লক্ষ্যে আমদানীকৃত জ্বালানীর পরিবর্তে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার বৃদ্ধিকরণ।
- (ঙ) সর্বোপরি জাতীয় অর্থনীতির উন্নতির একটি পর্যায় হিসাব নির্ভরযোগ্য একটি জ্বালানীর উৎস প্রাকৃতিক গ্যাসের সরবরাহ শিল্প, বাণিজ্যিক ও অন্যান্য ক্ষেত্রগুলির জন্য নিশ্চিত করা।

৭। জালালাবাদ গ্যাসের আঞ্চলিক অফিস সমূহ :

বৃহত্তর সিলেটের বর্তমান চারটি জেলায় (সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ) গ্যাস সরবরাহ ও বিতরণ ব্যবস্থা গড়িয়া তোলার জন্য বর্তমানে প্রায় ২৪০ কিলোমিটার পরিবহন লাইন ও ৫৫০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ করা হইয়াছে। এই বিস্তৃত নেট-ওয়ার্কের মাধ্যমে সিলেট ও কৈলাশটিলা গ্যাস ক্ষেত্র ও হবিগঞ্জ গ্যাস ক্ষেত্র হইতে উৎপাদিত দৈনিক প্রায় ৫৮ মিলিয়ন কিউবিক ফুট গ্যাস বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের নিকট পৌছাইয়া দেওয়া হয়। গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য সিলেটের প্রধান অফিস ও ঢাকায় একটি নিয়াজোঁ অফিস ছাড়াও— শ্রীমঙ্গল, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, ছাতক, শাহজীবাজার, ফেঞ্চুগঞ্জ ও মাধবপুরে আঞ্চলিক অফিস খোলা হইয়াছে।



গোলাপগঞ্জে গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তৎকালীন সচিব জনাব শফিউল আলম।

৮। এই প্রতিষ্ঠান ১৯৮৩-৮৪ অর্থ বছর পর্যন্ত ১১,৭১৯টি বিভিন্ন শ্রেণীর ক্রেতা সংযোগের মাধ্যমে ৮২০৮ মিলিয়ন ঘনফুট গ্যাস বিক্রয় করিয়া মোট ২.৫৬ কোটি টাকা রাজস্ব আয় করিলেও দেখা যায় যে, ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত ধীর গতিতে রাজস্ব আয় বাড়িতে থাকে এবং ১৯৮৫-৮৬ সালে একধাপে বাৎসরিক রাজস্ব আয় ৩.১৫ কোটি টাকা হইতে ২৩.৪৯ কোটি টাকায় উন্নীত হয়। ১৯৮৬-৮৭ অর্থ বৎসরে বিভিন্ন শ্রেণীর ক্রেতা সংযোগ সংখ্যা দাঁড়াইয়াছে, ১৮, ২৮৩টি এবং উক্ত ক্রেতা সাধারণের মধ্যে মোট ২০, ৭৩৬ মিলিয়ন ঘনফুট গ্যাস বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাইয়া মোট ৩০.১৭ কোটি টাকাতে উন্নীত হইয়াছে।

৯। জালালাবাদ গ্যাসের বাস্তবায়নধীন বর্তমান উন্নয়ন প্রকল্প সমূহ :

(ক) সিনেট চা-বাগান গ্যাস সরবরাহ প্রকল্প— ২য় পর্যায়।

(খ) জালালাবাদ অধিভুক্ত এলাকায় গ্রামাঞ্চলে গ্যাস বিতরণ— ১ম পর্যায়।

(গ) সিনেট শহর গ্যাস বিতরণ বর্ধিত প্রকল্প— ২য় পর্যায়।

১০। সাংগঠনিক কার্যামো :

জালালাবাদ গ্যাসের রাজস্ব আয়ের চিত্র হইতে ইহা খুবই স্পষ্ট যে জালালাবাদ গ্যাসের বর্তমান কাজের ব্যাপকতা অত্যন্ত বাড়িয়া গিয়াছে। আগামী বৎসর সমূহে সম্ভাব্য কার্য পরিধির কথা বিবেচনা করিয়া এবং বিওজিএমসির পুনর্গঠন প্রক্রিয়ার সঙ্গে সঙ্গতি রাখিয়া কোম্পানীর সংশোধিত সাংগঠনিক কার্যামো প্রণয়ন করা হয়। নতুন সাংগঠনিক কার্যামোর প্রধান নির্বাহী একজন মহাব্যবস্থাপক। তাহার অধীনে ৫টি ডিভিশনের প্রধান হিসাবে ৫ জন উর্ধ্বতন ব্যবস্থাপক থাকিবেন এবং এই ডিভিশন ৫টি হইল :— (ক) ট্রান্সমিশন ডিভিশন, (খ) ডিস্ট্রিবিউশন ডিভিশন, (গ) কাষ্টমার সার্ভিসেস ডিভিশন।

(ঘ) ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিভিশন ও (ঙ) এডমিনিস্ট্রিটিভ সার্ভিসেস ডিভিশন। সাংগঠনিক কাঠামোতে ৩৫৫ জন অফিসার ও ৫৮১ জন কর্মচারী মিলাইয়া মোট ৯৩৬ জনবলের কর্ম সংস্থানের ব্যবস্থা রহিয়াছে। এই অনুমোদিত জনবলের মধ্যে বর্তমানে নিয়মিতভাবে ৭৬ জন কর্মকর্তা ও ১১৩ জন কর্মচারী এবং ক্যাজুয়াল ৯৫ জন কর্মচারী নিয়োজিত আছেন।

১১। আর্থিক প্রতিবেদন : সম্মানিত সুধীরন্দ

এখন আমরা কোম্পানীর আর্থিক অবস্থার উপর আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি। আর্থিক বৎসর জুন, ১৯৮৭ ইং এর ব্যালেন্স সীট এবং ১৯৮৬-৮৭ অর্থ বৎসরে কোম্পানীর লাভ-ক্ষতির খতিয়ান পর্যালোচনা করিলে আপনারা দেখিবেন যে, ১৯৮৬-৮৭ সালে (১লা ডিসেম্বর, ১৯৮৬ হইতে জুন, ১৯৮৭ পর্যন্ত) কোম্পানী মোট ৩২, ৬৯, ৮৯৭.০০ টাকা নীট মুনাফা অর্জন করিয়াছে (৮৬-৮৭ সাল মোট নীট মুনাফা হয় ৭৩, ৩৭, ১০৩.০০ টাকা)। ১৯৮৬-৮৭ আর্থিক বৎসরে কোম্পানী জাতীয় কোষাগারে মোট ৬৬, ৪০, ০০০.০০ টাকা জমা দিয়াছে এবং ৪৭, ৫৮, ৫৬৪.০০ টাকা আয়কর কর হিসাবে জমা দিয়াছে। এখানে একটি বিষয় উল্লেখ্য যে, সম্প্রতি গৃহীত সরকারী সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থার (বি,সি,আই,সি) অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানে (সারকারখানা ব্যতীত) বিক্রীত গ্যাসের মধ্যে বিদ্যুৎ উৎপাদনের জন্য

ব্যবহৃত গ্যাসের মূল্য বিদ্যুৎ খাতে প্রদত্ত দরে পরিশোধিত হইতেছে। ১৮-৬-৮৭ ইং তারিখের পূর্বে অন্যান্য সকল শিল্প প্রতিষ্ঠানের মত বি,সি,আই,সির প্রতিষ্ঠানগুলিও তাহাদের ব্যবহৃত গ্যাসের মূল্য শিল্পের জন্য প্রযোজ্য হারে পরিশোধ করিত। এই সিদ্ধান্তের ফলে বি,সি,আই,সির প্রতিষ্ঠানগুলি কর্তৃক গৃহীত সিংহভাগ গ্যাসের মূল্য বিদ্যুতের জন্য প্রযোজ্য হারে অর্থাৎ শিল্প হার অপেক্ষা অনেক হ্রাসকৃত হারে বিক্রিত হইতেছে। এই অবস্থায় বি,সি,আই,সির দুইটি প্রতিষ্ঠান ছাতক সিমেন্ট ফ্যাক্টরী এবং সিনেট পাল্প এন্ড পেপার মিল হইতে গ্যাস মূল্য বাবদ পূর্বাংগে মাসিক প্রায় ২১.৪৫ লক্ষ টাকা ক্ষতি হইতেছে। কোম্পানীর এই আর্থিক ক্ষতিটা সরকারী পর্যায়ে পূর্ণবিবেচনার অবকাশ আছে বলিয়া পরিচালকমণ্ডলী মনে করে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ১৯৮৭ সনের ১৮ই জুন তারিখের সরকারী নির্দেশানুযায়ী হরিপুর হইতে এন,জি,এফ,এফ পর্যন্ত পাইপ লাইন ও তদসংশ্লিষ্ট স্থাপনা জমিজমা ও ভবনাদি ইত্যাদির মালিকানা জালালাবাদ গ্যাসকে হস্তান্তর করিবার নির্দেশ এখন পর্যন্ত বি,সি,আই,সি কার্যকর করে নাই। বর্তমানে এন,জি,এফ,এফ জালালাবাদ গ্যাসকে বিল পরিশোধ করিলেও, তাহা এডহক ভিত্তিতে প্রদান করা হইতেছে। এই অবস্থার ফলে ১৯৮৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট সাড়ে সাত কোটি টাকা বকেয়া পড়িয়া রহিয়াছে।




কৈলাশটীলা—ছাতক গ্যাস সরবরাহ পাইপ লাইনের গত ২৮শে এপ্রিল, ১৯৮৫ তারিখে আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান।

চা-বাগান, শিল্প, সারকারখানা, ইটখোলা, বাণিজ্যিক ও গৃহস্থালী কাজে গ্যাস ক্রেতারদের বকেয়ার পরিমাণ উল্লেখযোগ্য না হইলেও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে গ্যাস ক্রেতারদের বকেয়ার পরিমাণ উল্লেখযোগ্য না হইলেও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে গ্যাস সরবরাহ বাবদ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং বি,সি,আই,সির প্রতিষ্ঠান পেপার মিন, সিমেন্ট ফ্যাক্টরীতে গ্যাস সরবরাহ বাবদ বকেয়ার পরিমাণ উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাইয়াছে। ১৯৮৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিকট সাড়ে পাঁচ কোটি টাকা এবং বি,সি,আই,সির নিকট প্রায় দেড় কোটি টাকা গ্যাস বিল অনাদায়ী রহিয়াছে। বকেয়া আদায়ের জন্য জানালাবাদ গ্যাস কর্তৃপক্ষ বিভিন্ন পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত রাখিয়াও আশানুরূপ ফললাভ করিতে পারে নাই। কোম্পানীর রাজস্ব আদায়ে সহায়ক হিসাবে পরিচালকমণ্ডলী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

সুধীর্ষন্দ,

কোম্পানীর সার্বিক উন্নয়নের লক্ষ্যে উহার কর্মকর্তা এবং কর্মচারীদের প্রচেষ্টা ও নিষ্ঠার সহিত দায়িত্ব পালনের জন্য কোম্পানীর পরিচালকমণ্ডলীর পক্ষ হইতে তাহাদিগকে অভিনন্দন জানাইতেছি। এই নবীন প্রতিষ্ঠান পরিচালনায় বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বহিঃসম্পদ বিভাগ, পরিকল্পনা কমিশন, আই, এম, ই, ডি ইত্যাদি প্রতিষ্ঠান এবং ব্রিটিশ ও ওলন্দাজ সরকারের অনুদানের মাধ্যমে যে সাহায্য ও সহযোগিতা পাইয়াছি তাহার জন্য আমরা বিশেষভাবে কৃতজ্ঞতা ও

ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। আশা করি, আগামীতেও আমরা একই রকম সহযোগিতা পাইব। অংশগ্রহণকারী অংশীদারদের প্রতিনিধিগণ, জানালাবাদ গ্যাস সিস্টেমের পরিচালকমণ্ডলী ও বিওজিএমসি'র পরিচালকমণ্ডলী এবং অন্যান্য অভাগতদেরকে আজকের এই সমরণীয় প্রথম বার্ষিকী সাধারণ সভায় উপস্থিতির জন্য পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করিয়া আমার বক্তব্য শেষ করিতেছি।



(মোঃ মোশারফ হোসেন)

চেয়ারম্যান



শ্রীমঙ্গলে গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান।

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন
সিস্টেম লিমিটেড বোর্ডের
বর্তমান পরিচালকমণ্ডলী :

- ১। জনাব মোঃ মোশারফ হোসেন : চেয়ারম্যান
পরিচালক (পরিকল্পনা),
বিওজিএমসি।
- ২। মোরাদ ওয়ায়েজ, : পরিচালক
পরিচালক (বাণিজ্যিক)
বি,সি,আই,সি
- ৩। জনাব জালাল উদ্দিন আহমেদ : পরিচালক
উপ-সচিব,
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ
মন্ত্রণালয়
- ৪। জনাব মোঃ ফজলুল হক : পরিচালক
ব্যবস্থাপনা পরিচালক
তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ
- ৫। প্রকৌশলী মীর নাযীর আহমদ : পরিচালক
মহাব্যবস্থাপক,
সিনেট গ্যাস ফিল্ডস লিঃ।
- ৬। জনাব আতিকুর রহমান : পরিচালক
প্রধান ব্যাস্থাপক (প্রশাসন),
বিওজিএমসি।
- ৭। জনাব এস, আর ওসমানী : পরিচালক
প্রধান ব্যবস্থাপক (হিসাব)
বিওজিএমসি।
- ৮। প্রকৌশলী আবুল কাঃ মোঃ : পরিচালক
শামসুদ্দীন
মহাব্যবস্থাপক
জালালাবাদ গ্যাস টি গ্র্যান্ড ডি
সিস্টেম লিঃ।

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন
সিস্টেম লিমিটেডের ভূতপূর্ব পরিচালকবৃন্দ :

- ১। জনাব রফি আহমেদ চৌধুরী
প্রাক্তন উপ সচিব,
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- ২। জনাব মোঃ নূরুল হক
প্রাক্তন মহাব্যবস্থাপক, জালালাবাদ ট্রান্সমিশন গ্র্যান্ড
ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড



মোরাদ ওয়ায়েজ
পরিচালক



জনাব মোঃ মোশারফ হোসেন
চেয়ারম্যান



জনাব জালাল উদ্দিন আহমেদ
পরিচালক



জনাব মোঃ ফজলুল হক
পরিচালক



প্রকৌশলী মীর নায়ীর আহমদ
পরিচালক



জনাব আতিকুর রহমান
পরিচালক



জনাব এস, আর, ওসমানী
পরিচালক

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন
সিস্টেম লিমিটেড বোর্ডের
বর্তমান পরিচালকমণ্ডলী :



প্রকৌশলী আবুল কাঃ মোঃ শামসুদ্দীন
পরিচালক



মৌলভীবাজারে গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের পরিচালক (পরিকল্পনা) ও জালালাবাদ গ্যাসের পরিচালকমন্ডলীর চেয়ারম্যান জনাব মোশারফ হোসেন।



মৌলভীবাজারে গ্যাস সরবরাহের আনুষ্ঠানিক শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন জালালাবাদ গ্যাসের তৎকালীন মহাব্যবস্থাপক জনাব নূরুল হক।

**JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION
SYSTEM LIMITED
AMBARKHANA, BARABAZAR
SYLHET**

Balance Sheet
as at 30th June, 1987

	Schedule		30.11.86 -----
FIXED ASSETS :	1	28,70,67,384.63	26,63,60,827.10
CAPITAL WORK IN PROGRESS:	2	60,55,115.45	1,35,98,972.33
CURRENT ASSETS:		1,61,580.00	---
PRELIMINARY EXPENSES:			
Stock & Stores	3	9,14,25,756.70	8,35,68,544.75
Debtors	4	13,51,17,195.74	14,03,55,676.34
Advance & Deposit	5	73,98,557.03	35,63,054.21
Loans		5,00,700.00	---
Interproject Current Account	6	7,41,,653.80	2,59,30,181.71
Fixed deposit	7	12,06,14,266.41	8,27,71,427.00
Cash & Bank Balance	8	<u>4,46,74,564.76</u>	<u>6,39,55,510.23</u>
		40,04,72,694.44	40,01,44,394.24
CURRENT LIABILITIES :			
Bank Overdraft		80,53,976.21	3,22,412.83
Creditors	9	22,20,,00,332.74	21,81,49,150.53
Head Office Current Account		1,00,59,169.80	3,71,62,583.03
Indter Project Current Account	10	<u>1,11,75,482.53</u>	<u>2,48,60,920.74</u>
		25,12,88,961.28	28,04,95,067.13
NET CURRENT ASSETS:		<u>14,91,83,733.16</u>	<u>11,96,49,327.11</u>
AUTHORISED CAPITAL :		TK. 44,24,47,813.24	TK. 39,96,09,126.54
1,50,00,000 Sharos of TK.100.00 each		<u>150,00,00,000.00</u>	
PAID UD CAPITAL :			
700 Shares of TK. 100.00 each		700.00	--
DEPOSIT AGAINST ISSUE OF SHARES :		5,00,000.00	---
GAPITAL IN RESERVE		<u>83,27,868.50</u>	<u>51,60,819.40</u>
PIPELINE REALISATION ACCOUNT :		41,62,000.00	38,68,000.00
ADP LOAN :		17,26,95,000.00	12,96,95,000.00
DEBENTURE :		14,34,91,666.66	14,48,00,000.00
FOREIGN AID & GRANTS		11,79,09,538.10	11,79,09,538.10
STORE SALES ACCOUNT :		4,52,296.84	2,09,832.04
PARTICIPATION FUND :		<u>3,12,908.83</u>	-----
		44,78,51,978.93	40,16,43,189.54
PROFIT AND LOSS ACCOUNT		<u>(54,04,165.69)</u>	<u>(20,34,063.00)</u>
		TK. 44,24,47,813.24	TK. 39,96,09,126.54

Dated, Dhaka ;
28 APR,1988

As per our annexed report of even date

SAHA ASHIT BARAN & CO.
Chartered Accountants.

SAHA ASHIT BARAN & CO.
Chartered Accountants.

**JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION
SYSTEM LIMITED**

**PROFIT AND LOSS ACCOUNT
FOR THE PERIOD ENDED 30TH JUNE, 1987**

30.11.86

Gas Sale	18,13,99,111.60	12,83,20,015.50
Meter rent	10,15,081.19	4,87,400.00
Reconnection fees	2,03,144.00	82,413.40
	-----	-----
	18,26,17,336.79	12,88,89,828.90
	-----	-----
Cost of Gas	13,24,95,241.33	9,48,51,717.95
Administrative & General Expenses	2,01,52,463.97	59,34,967.51
Advertisement & Publicity	2,62,478.02	1,28,548.71
Depreciation	1,69,95,722.39	1,08,83,724.02
	-----	-----
	16,99,05,905.71	11,17,98,958.19
	-----	-----
Operating Profit	1,27,11,431.08	1,70,90,870.71
Other Income	1,23,00,688.82	33,49,830.33
	-----	-----
Profit before interest & Taxes	2,50,12,119.90	2,04,40,701.04
Interest	1,87,53,943.24	1,30,45,781.00
	-----	-----
	62,58,176.66	73,94,920.04
Participation fund	3,12,908.83	
	-----	-----
	59,45,267.83	73,94,920.04
Provision for income Tax	26,75,370.52	33,27,714.00
	-----	-----
Net Profit for the year	32,69,897.31	40,67,206.04
Profit brought forward	(20,34,063.00)	(61,03,269.04)
	-----	-----
	12,35,834.31	(20,36,063.00)
Adjustment in respect of prior period		2,000.00
	-----	-----
	12,35,834.31	(20,34,063.00)
Contribution to National exchequer	66,40,000.00	
	-----	-----

JALALABAD GAS TRANSMISSION & DISTRIBUTION SYSTEM LIMITED
 COMPARATIVE STATEMENT OF PROFIT & LOSS ACCOUNT FOR THE FINANCIAL YEAR
 1985-86 AND 1986-87.


	<u>1986-87</u>	<u>1985-86</u>
Gas Sale	30,97,19,127.10	23,82,21,570.43
Meter rent	15,02,481.19	7,08,343.33
Reconnection fees	2,85,557.40	1,60,000.00
	-----	-----
	31,15,07,165.69	23,90,89,913.76
	=====	=====
Cost of Gas	22,73,46,959.28	17,53,00,879.42
Administrative & General Expenses	2,60,87,431.48	1,32,68,208.60
Advertiserment & Publicity	3,91,026.73	2,61,030.51
Depreciation	2,78,79,446.41	2,74,67,476.07
	-----	-----
	28,17,04,863.90	21,62,97,594.60
	=====	=====
Operating Profit	2,98,02,301.79	2,27,92,319.16
Other Income	1,56,50,519.15	1,18,16,034.36
	-----	-----
Profit before interest & Taxes	4,54,52,820.94	3,46,08,353.52
Interest	3,17,99,724.24	2,83,82,863.80
	-----	-----
	1,36,53,096.70	62,25,489.72
Participation fund	3,12,908.83	
	-----	-----
	1,33,40,187.87	62,25,489.72
Provision for income tax	60,03,084.52	28,68,422.13
	-----	-----
Net profit for the year	73,37,103.35	33,57,067.59
Profit bourght forward	(61,03,269.04)	(48,51,218.32)
	-----	-----
	12,33,834.31	(14,94,150.73)
Adjustment in respect of prior period	2,000.00	3,90,881.69
	-----	-----
	12,35,834.31	(11,03,269.04)
Contribution to National exchequer	(66,40,000.00)	(50,00,000.00)
	-----	-----
Balance Transferred to Balance Sheet	(54,04,165.69)	61,03,269.04
	=====	=====

PROPOSED ORGANISATION CHART : JALALABAD GAS TRANSMISSION & DISTRIBUTION SYSTEM LTD.
 রাঙ্গামাটি, সিলেট, বাংলাদেশ

FUNCTIONS :

1. To construct, own and operate Natural Gas Transmission & Distribution facilities in the districts of Sylhet, Sunamganj, Moulvibazar & Hobiganj.
2. To promote the utilization of Natural Gas through the expansion of Gas Transmission & Distribution Pipelines to take natural gas to the centres of consumption more extensively.
3. To increase the distribution of natural gas through development of transmission & distribution network in its Franchise Area.

4. To Maximise the use of natural gas as a substitute or imported fuel in order to progressively reduce the burden of foreign exchange expenditure on fuel.
5. To provide a dependable & reliable source of energy for commercial & industrial organisation as a part of National Economic Development.
6. To carry out any other functions which may be supplemental, incidental or consequential to any of the aforesaid functions as and when assigned.



অন্যান্য পরিসংখ্যান

জালালাবাদ গ্যাস
ট্রান্সমিশন এ্যান্ড
ডিস্ট্রিবিউশন সিস্টেম
লিমিটেড

জুন, ১৯৮৭ ইং পর্যন্ত অক্ষল ও শ্রেণীভিত্তিক গ্যাস সংযোগ :

ক্যাটাগরী	সিলেট	সুনামগঞ্জ	ছাতক	মৌলভীবাজার	শ্রীমঙ্গল	হবিগঞ্জ	শাহজীবাজার	ফেঞ্চুগঞ্জ
১। গৃহালী	১৩,০২১	৪৮৭	২৫০	১,০৮১	১,১১২	১,২৯১	৩০	৫০০
২। বাণিজ্যিক	২৮০	২৪	১২	২৬	২৪	২২	৭	—
৩। শিল্প	১৫	—	৪	১	—	—	১	—
৪। ত্রিকফিন্ড	১৩	২	—	৭	৬	৪	—	—
৫। বিদ্যুৎ	১	—	—	—	—	—	১	—
৬। সার	—	—	—	—	—	—	—	১
৭। পা্প মিল	—	—	১	—	—	—	—	—
৮। সিমেন্ট ফেক্টরী	—	—	১	—	—	—	—	—
৯। চা-বাগান	৯	—	—	৬	৩১	—	১৬	—
মোট :	১৩,৩৩৯	৫১৩	২৭৩	১,১১৮	১,১৭০	১,৩১৭	৫২	৫০১
সর্বমোট	১৮,২৮৩							

শ্রেণীভিত্তিক গ্যাস বিক্রয় পরিসংখ্যান (বৎসরে এম এম সি এফ) গড়

১।	গৃহস্থালী	:	৩০০
২।	বাণিজ্যিক	:	১৫০
৩।	শিল্প	:	২০০০
৪।	ট্রিকফিন্ড (মৌসুমী)	:	৩৫০
৫।	চা-বাগান	:	৭০০
৬।	বিদ্যুৎ	:	৮৫০০
৭।	সার	:	৭০০০
মোট			১৯,০০০

বিগত ৪ বৎসরের গ্যাস বিক্রয়, গ্রাহক সংযোগ ও রাজস্ব আয় :-

বৎসর	গ্যাস বিক্রয় (মিলিয়ন কিউবিক ফিট)	গ্রাহক সংখ্যা	ক্রমপূঞ্জিত গ্রাহক সংখ্যা	রাজস্ব আয় (কোটি টাকা)	মন্তব্য
১৯৮৩-৮৪	৮,২০৮	৯৮৫	১১,৭১৯	২'৫৬	
১৯৮৪-৮৫	৮,০৪০	১,২১৭	১২,৯৩৬	৩'১৫	
১৯৮৫-৮৬	৮,৬৪০	২,৭৭০	১৫,৭০৬	২৩'৪৯	
১৯৮৬-৮৭	২০,৭৩৬	২,৫৭৭	১৮,২৮৩	৩০'৯৭	

জালালাবাদ গ্যাস কর্তৃক বিভিন্ন এলাকায় গ্যাস সরবরাহ শুরু এবং আনুষ্ঠানিক উদ্বোধনের তারিখ :-

(ক)	কৈলাশটিলা- ছাতক পাইপলাইন	:	২৮শেএপ্রিল, ১৯৮৫
(খ)	হবিগঞ্জ	:	২৯শেজুলাই, ১৯৮৫
(গ)	মৌলভী বাজার	:	২১শেঅক্টোবর, ১৯৮৫
(ঘ)	শ্রীমঙ্গল	:	১৭ইআর্চ, ১৯৮৬
(ঙ)	গোলাপগঞ্জ	:	২১শেজুন, ১৯৮৬
(চ)	ছাতক	:	১৬ইজানুয়ারী, ১৯৮৭।

Accounting Year	Assessment Year	Profit as Per P&L A/C	Assessed Income	I.T. Provision	Tax Demanded by DCT	Tax paid including Advance Tax	Tax Outstanding	Remarks
1976-77	1977-78 Habiganj	(10,37,868.00)	--	----	----	----	----	Assessed Nil As loss represents pre-production Expenses
1977-78	1978-79 Habiganj	(13,48,931.00) (3,30,255.00)	(8,07,573.00) (4,50,193.00)	----	----	----	----	Under appeal
1978-79	Sylhet Town	--	--	----	----	----	----	Papers not found
1979-80	1980-81	76,570.00	(7,48,823.00)	----	----	----	----	Unabsorbed depreciation
1980-81	1981-82	(93,957.00)	(8,85,802.00)	----	----	----	----	Unabsorbed depreciation
1981-82	1982-83	(17,77,205.00)	(13,06,436.00)	----	----	----	----	Under Appeal
1982-83	1983-84	11,91,235.00	(1,00,883.00)	----	----	----	----	Assessed after setting off loss for the Asstt. year 1981-82 and 1982/83
1983-84	1984-85	50,90,062.00	79,31,128.00	----	45,32,640.00 (Including interest Tk. 9,63,632.00)	----	----	Assessed income after setting off loss for the assessment year 1983-84 and the case is under appeal
1984-85	1985-86	42,67,373.61	----	----	----	----	----	Assessment not yet completed
1985-86	1986-87	62,25,489.72	----	28,68,422.13 (Including Tk. 66,951.76 for 1984-85)	----	----	----	Assessment not yet completed
1986-87 (Upto November)	1987-88	73,94,920.04	----	33,27,714.00	----	66,951.76	----	Tax paid for 1984-85
1986-87 (Dec. to June)	1987-88	59,45,267.83	----	26,75,370.52	----	47,58,564.00	----	25,58,564.00 paid for 1985-86 10,00,000.00 paid for 1983-84 12,00,000.00 paid for 1986-87

SALIENT FEATURES OF ON-GOING PROJECT

SALIENT FEATURE :

1. **Name of the Project** : Sylhet Town Gas Distributin Expansion
Net-work (Phase -II)
2. **Estimated cost of the project.** : Local Currency : 178.50 lacs
Foreign Exchange : 21.00 "
Total : 199.50 lacs.
3. **Locatiom of the project** : Sylhet Town,
Sylhet.
4. **Physical work involved** : pipe laying : Quantity (Rft.)

Size	Quantity (Rft.)
6" ND	12,000
4" ND	10,000
3" ND	28,000
2" ND	14,000
1" ND	20,000
3/4"ND	25,000

	1,09,000 Rft.

Customer connection (in Nos.)
considering present demand.

Category	Number
-----	-----
Domestic	3,000
Commercial	200
Industrial	10
Brick Fields	20

TOTAL :	3,230 Nos.

5. **Financing** : Self Financing
6. **Benefit Analysis** : BCR(F) : 1.149
BCR(E) : 2.373
IRR(F) : 31.51%
IRR (E) : 37.31%
7. **project Schedule :**
(a) Commencement : January,1988.
(b) Completion : June,1989.

SALIENT FEATURES :

1. **Name of the Project** : GAS DISTRIBUTION IN THE RURAL AREAS OF JALALABAD FRANCHISE AREA (PHASE - I)
2. **Estimated cost of the Project (in lakh TK.).** : Local Currency : 915.19
Foreign Exchange : 360.68
TOTAL : 1275.87
3. **Location of the project** : Madhabpur, Fenchuganj, Golapganj, Mirpur and Goainghat of Greater Sylhet District.
4. **Physical work involved** : Pipelaying :
4 " ND : 60,000
3 " ND : 82,000
2 " ND : 55,000
1 " ND : 42,000
3/4" ND : 80,000

Total : 3,19,000 Rft.

Customer connection (in nos)
Considering present demand :

Domestic : 2600
Commercial : 135
Industrial : 12
Brick Field : 30

Total : 2777
5. **Financing** : Local : ADP
Foreign :
Exchange : Possible sources are ODA/Dutch/Others.
6. **Benefit Analysis** : BCR(F) : 1.09
BCR(E) : 1.50
IRR(F) : 21.39%
IRR(E) : 21.99 %
7. **Project Schedule :**
(a) Commencement : July, 1986
(b) Completion : June, 1989.
8. **Gas Offtake** : 1st yr. of operation : 0408 MMCFD
5th yr. of operation : 2424 MMCFD
10th yr. of operation : 2664 MMCFD
15th yr. of operation : 2905 MMCFD
20th yr. of operation : 3216 MMCFD.

